

GP PATIENT SURVEY



সমীক্ষা নম্বর: 1234567890
অনলাইন পাসওয়ার্ড: AAAAA
2 জানুয়ারি 2020

NHS-কে সাহায্য করার জন্য আপনার সুযোগ

GP Patient Survey তে অংশ নিতে বলার জন্য আমি আপনাকে লিখছি। এই সমীক্ষাটি Ipsos MORI-এর দ্বারা NHS England-এর পক্ষ থেকে পরিচালিত হচ্ছে। প্রতি বছর প্রায় 1 মিলিয়ন মানুষ সমীক্ষাটিতে অংশ নিয়ে আমাদের সাহায্য করেন।

আপনার এলাকায় GP এবং স্বাস্থ্য পরিষেবাগুলির উন্নতকরণ

সমীক্ষাটি GP সার্জারি এবং অন্যান্য স্থানীয় NHS পরিষেবাগুলি সংক্রান্ত আপনার অভিজ্ঞতাগুলি সম্পর্কে জিজ্ঞাসা করে, এবং এতে আপনার সম্পর্কে ও আপনার সাধারণ স্বাস্থ্য সম্পর্কে প্রশ্নগুলি অন্তর্ভুক্ত আছে। আমরা যে উত্তরগুলি পাই সেগুলি আপনার মতো ব্যক্তিদের এবং আপনাদের পরিবারের জন্য স্থানীয় স্বাস্থ্য পরিষেবাগুলির উন্নয়নে NHS-কে সাহায্য করে। এমন কি আপনি যদি সম্প্রতি আপনার GP সার্জারিতে না গিয়ে থাকেন, অথবা আগে একটি প্রশ্নাবলী পূরণ করে থাকেন, তাসঙ্গেও আপনার কাছ থেকে শুনতে পাওয়া আমাদের কাছে প্রকৃতই গুরুত্বপূর্ণ।

প্রশ্নাবলী পূরণ করে বা অনলাইনে গিয়ে অংশ নিন। অনলাইনে অংশ নেওয়া NHS-এর জন্য সস্তা।

প্রশ্নাবলী পূরণ করুন এবং এটি সংযুক্ত খামে ফেরত পাঠান। এটি বিনামূল্যে - আপনার কোনো স্ট্যাম্পের প্রয়োজন নেই। অথবা অনলাইনে অংশ নিন। www.gpsurvey.net/login এ যান এবং নিচে দেওয়া লগইন বিশদটি ব্যবহার করুন:

সমীক্ষা নম্বর: 1234567890

অনলাইন পাসওয়ার্ড: AAAAA

এটি 15 মিনিটেরও কম সময় নেবে।

সমীক্ষাটি যত তাড়াতাড়ি সম্ভব পূরণ করে NHS England এ আমাদেরকে সহায়তা করতে পারেন। এর ফলে আমাদের আপনাকে কোনো রিমাইন্ডার পাঠানোর প্রয়োজন হবে না।

আপনার তথ্যগুলিকে গোপনীয় হিসেবে বিবেচনা করা হবে

পৃষ্ঠার উল্টোদিকে সমীক্ষাটি এবং গোপনীয়তা সম্পর্কে আরো তথ্য আছে। আপনার যদি আরো কোনো প্রশ্ন থাকে অথবা প্রশ্নাবলীটি পূরণ করতে সাহায্যের প্রয়োজন হয়, তাহলে অনুগ্রহ করে www.gp-patient.co.uk দেখুন অথবা Ipsos MORI-কে ফোন-এ 0800 819 9137 নম্বরে ফোন করুন (সোমবার থেকে শুক্রবার, সকাল 8টা থেকে রাত 9টা; শনিবার, সকাল 10টা থেকে বিকাল 5টা)

NHS-কে সাহায্য করার জন্য আপনার কিছুটা সময় দেওয়ায় আপনাকে অজস্র ধন্যবাদ।

আপনার বিনীত

Neil Churchill
Director of Patient Experience
NHS England

অনুগ্রহ করে পৃষ্ঠাটি উল্টান

আপনি কেন এই সমীক্ষাটি সম্পাদন করছেন?

এই সমীক্ষাটি NHS-কে GP সার্জারি এবং অন্যান্য স্থানীয় NHS পরিষেবাগুলিকে উন্নত করতে সাহায্য করতে যাতে এগুলি আরো ভালভাবে আপনার চাহিদাগুলি পূরণ করতে পারে। আপনার স্থানীয় GP সার্জারিগুলির জন্য ফলাফলগুলি সহ আপনি পূর্ববর্তী সমীক্ষাগুলি থেকে প্রাপ্ত সকল ফলাফলগুলি দেখতে পারেন, www.gp-patient.co.uk ওয়েবসাইটে যাওয়ার মাধ্যমে।

আপনি আমার নাম ও ঠিকানা কিভাবে পেয়েছেন?

একজন GP-র সাথে নিবন্ধিত NHS-এর রোগীদের তালিকা থেকে এলোপাতাড়িভাবে আপনার নাম বেছে নেয়া হয়েছে। জেনারেল ডাটা প্রটেকশন রেগুলেশন ও ডাটা প্রটেকশন অ্যাক্ট 2018 অনুযায়ী, NHS England-এ আমরা আপনার সম্পর্কে যে ডাটা সংরক্ষণ করি তার জন্য আমরা দায়বদ্ধ ('ডাটা কন্ট্রোলার' হিসেবে)। এই জরিপ পরিচালনার জন্য 'ডাটা প্রসেসর' হিসেবে Ipsos MORI আমাদের পক্ষে কাজ করছে।

Ipsos MORI আপনার যোগাযোগের বিবরণ গোপনীয় রাখবে এবং শুধু আপনাকে এই জরিপ পাঠানোর জন্য সেগুলো ব্যবহার করবে। আপনার স্বাস্থ্য সম্পর্কে Ipsos MORI-কে কোনো তথ্য দেওয়া হয়নি। জরিপটি শেষ হয়ে যাওয়ার পর, Ipsos MORI আপনার যোগাযোগের বিবরণ মুছে ফেলবে।

আপনি কিভাবে যোগাযোগ রাখতে পারেন এবং আপনার তথ্য কিভাবে ব্যবহার করা হয় সে বিষয়ে আপনার অধিকার সম্পর্কে NHS England-এর গোপনীয়তার বিজ্ঞপ্তিতে ব্যাখ্যা করা হয়েছে। আপনি www.england.nhs.uk/contact-us/privacy-notice ওয়েবসাইটে এই বিজ্ঞপ্তি দেখতে পারেন।

আমার উত্তরগুলোর ক্ষেত্রে কী ঘটে থাকে?

আপনার GP প্র্যাকটিস ও আপনার স্থানীয় এলাকা সম্পর্কে ফলাফল প্রদানের জন্য, এবং জাতীয় ফলাফল তৈরি করার জন্য অন্য ব্যক্তিদের উত্তরগুলোর সাথে আপনার উত্তরগুলো একত্রিত করা হয়। এগুলো আপনার নাম, ঠিকানা বা NHS নম্বরের সাথে লিংকযুক্ত নয়। Ipsos MORI, এবং NHS England-এর অনুমোদিত কর্মী ও গবেষকরা আপনার উত্তরগুলো গোপনীয় রাখবেন। **প্রকাশিত কোনো ফলাফল থেকে কেউই আপনার পরিচয় বের করতে পারবে না।** আরো তথ্যের জন্য দেখুন www.gp-patient.co.uk/confidentiality.

এই পত্রের সামনে থাকা সমীক্ষা নম্বরটি কী কাজে ব্যবহৃত হয়?

কারা সমীক্ষাটির উত্তর দিয়েছেন তা সনাক্ত করার জন্য এবং উত্তরগুলিকে GP সার্জারিগুলির সাথে যুক্ত করার জন্য Ipsos MORI সমীক্ষা নম্বরটি ব্যবহার করে (তাই যে সকল ব্যক্তি সাড়া দেননি শুধুমাত্র তাদেরকেই তারা অনুস্মারক পত্র পাঠান)। সমীক্ষা নম্বরটি আপনার NHS নম্বরের সাথে যুক্ত নয়। আপনি যদি এই সমীক্ষাটি সম্পর্কে কোনো অনুস্মারক পেতে না চান, তাহলে অনুগ্রহ করে একটি পূরণ না করা প্রশ্নমালা ফেরত পাঠান বা Ipsos MORI-এর সাথে ফ্রীফোনে **0808 819 9137** নম্বরে যোগাযোগ করুন।

কেউ কি আমাকে প্রশ্নমালাটি পূরণ করতে সাহায্য করতে পারেন?

হ্যাঁ, তা করা যেতে পারে। আপনি আমাদের দলের সাথে যোগাযোগ করতে পারেন অথবা একজন বন্ধু বা আত্মীয়কে সাহায্য করতে বলতে পারেন, কিন্তু অনুগ্রহ করে নিশ্চিত করুন উত্তরগুলি যেন শুধুমাত্র আপনারই অভিজ্ঞতা সম্পর্কিত হয়।

আপনি যদি প্রশ্নমালাটির একটি কপি বড় হরফে মুদ্রণ বা রেইল-এ পেতে চান, তাহলে ফ্রীফোনে **0800 819 9137** নম্বরে ফোন করুন।